



মব সন্ত্রাস পুরো জাতিকে বিভক্ত করেছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, “মব সন্ত্রাস পুরো জাতিকে বিভক্ত করেছে।”

শুক্রবার (১৯ ডিসেম্বর) বিকেলে দলের ভেরিফায়েড ফেসবুক পেজে তাঁর এই মন্তব্য তুলে ধরা একটি ফটোকোর্ডে শেয়ার করা হয়।

মহাসচিব বলেন, “দেশের সংকটময় মুহূর্তকে কাজে লাগানোর জন্য যারা প্রতীক্ষা করে, তারা এই দেশের শত্রু। তারা সংকটের অপেক্ষায় থাকে। আমি দেশের এই মব সন্ত্রাসের তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং সবাইকে শান্তিপূর্ণভাবে একত্র থাকার আহ্বান জানাচ্ছি।”

তিনি অভিযোগ করেন, দেশের বিভিন্ন স্থানে মব সন্ত্রাসের ঘটনা পরিকল্পিতভাবে ঘটানো হচ্ছে, যা সাধারণ মানুষ ও সামাজিক সম্প্রদায়কে আতঙ্কিত করেছে। তাই তিনি সরকারের কাছে এই ধরনের সহিংসতা প্রতিরোধের ব্যবস্থা নেওয়ারও দাবি জানান।

LENS ASIA